



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ফলজ বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ সেপ্টেম্বর ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ১০০টি নারিকেল চারা রোপন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা বাস্তবায়নে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা এবং বজ্রপাত রোধকল্পে ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ বিকাল ৪ ঘটিকায় ক্যাম্পাসে এ নারিকেল চারা রোপন কর্মসূচির উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের সবুজায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির আহবায়ক উদ্ভিদ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির সভাপতি ও প্রক্টর ড. খোরশেদ আলম, সাধারণ সম্পাদক ও টিএসসির পরিচালক জ্যোতির্ময় বিশ্বাস, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট আরিফ হোসেন, ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের পরিচালক ড. তারেক মাহমুদ আবির, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষকবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের সবুজায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এদিকে বরিশাল সফররত স্বাস্থ্য সেবা বিভাগের সিনিয়র সচিব লোকমান হোসেন মিয়া, বরিশাল বিভাগীয় কমিশনার(অতিরিক্ত সচিব) সাইফুল হাসান বাদল, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল বশির আহমেদ বরিশাল বিশ্ববিদ্যালয় পরিদর্শনে এলে মুজিব জন্মশতবর্ষ উপলক্ষে আয়োজিত পূর্বনির্ধারিত বৃক্ষরোপন কর্মসূচিতে অংশ নিয়ে স্বাস্থ্য সেবা বিভাগের সিনিয়র সচিব লোকমান হোসেন মিয়া স্মৃতিস্বরূপ একটি নারিকেল গাছের চারা রোপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস